## বিমাকৃত নন?

যদি আপনার বিমা নাও থাকে, তাহলেও আপনি পরীক্ষা করাতে পারেন। নিউ ইয়র্ক রাজ্য ক্যানসার পরিষেবা কর্মসূচী (New York State Cancer Services Program), উপযুক্ত, বিমাকৃত না হওয়া নিউ ইয়র্ক রাজ্যে বসবাসকারীদের বিনামূল্যে কোলোরেকটাল ক্যানসারের পরীক্ষার সুযোগ প্রদান করে।

আপনার নিকটবর্তী একটি ক্যানসার সার্ভিসেস প্রোগ্রাম (Cancer Services Program) খুঁজে নেওয়ার জন্য আপনি **1-866-442-2262** তে কলও করতে পারেন।

# পরীক্ষা করান,

# কোলোরেকটাল ক্যানসার







আপনার নিউ ইয়র্ক স্টেট হেলথ এর মাধ্যমে একটি স্বাস্থ্য পরিকল্পনায় তালিকাভুক্ত হওয়ার বিষয়েও বিবেচনা করা উচিত। আরও তথ্যের জন্য হেল্প লাইন, **855.355.5777** তে কল করুন অথবা দেখুন: **nystateofhealth.ny.gov**

NEW YORK STATE | Cancer Services Program

স্বাস্থ্য বিভাগ (Department of Health) এর একটি প্রোগ্রাম

NEW YORK STATE | Department of Health

SCREENOUTCANCER
Advancing Cancer Prevention Nationwide

19556 (Bengali) 2/22

কোলোরেকটাল ক্যানসার স্ক্রীনিংয়ের জন্য একাধিক পরীক্ষা আছে

আপনার স্বাস্থ্যসংক্রান্ত শুশ্রূষা প্রদানকারীর সাথে কথা বলুন।

**আপনি যে চিকিৎসাই নির্বাচন করুন না কেন, পরীক্ষা করিয়ে নেওয়াটিই হল সঠিক নির্বাচন।**

**45 বছর অথবা তার অধিক বয়সী সকল ব্যক্তিরই উচিত কোলোরেকটাল ক্যানসারের জন্য পরীক্ষা করিয়ে নেওয়া।**

# কোলোরেকটাল ক্যানসারের ধরণগুলি

# স্ক্রীনিং এর পরীক্ষাগুলি

## বাড়িতে মলের পরীক্ষা

- এখানে 3 ধরনের বাড়িতে করানোর পরীক্ষা আছে: **ফেকাল ইমিউনোক্যামিকাল টেস্ট (Fecal Immunochemical Test, FIT), FIT-DNA পরীক্ষা অথবা ফেকাল অকাল্ট ব্লাড পরীক্ষা (Fecal Occult Blood Test, FOBT)**
- আপনি এই পরীক্ষাগুলি বাড়িতে করতে পারেন এবং মলের নমুনা একজন চিকিৎসকের অফিসে অথবা ল্যাবে পাঠাতে পারেন।
- এই পরীক্ষাগুলি প্রদর্শন করে আপনার মলে রক্ত আছে কিনা।
- যদি রক্ত পাওয়া যায়, তাহলে রক্তপাতের কারণ অনুসন্ধানের জন্য আপনার একটি **কোলোনোস্কোপি** করানোর প্রয়োজন হতে পারে।
- এই পরীক্ষাগুলি নিরাপদ এবং সম্পূর্ণ করা সহজ। কাজ থেকে ছুটি নেওয়ার প্রয়োজন হয় না।
- **FIT** এবং **FOBT** করা হয় বছরে একবার **FIT-DNA** করা হয় প্রত্যেক তিন বছর অন্তর।

## কোলোনোস্কোপি (Colonoscopy)

- একটি কোলোনোস্কোপি করা হয় একটি চিকিৎসকের অফিসে অথবা অন্যান্য চিকিৎসা স্থলে।
- চিকিৎসক মলদ্বার অথবা অন্ত্রে বৃদ্ধি (পলিপ) অথবা ক্যানসারের অনুসন্ধান করেন।
- পরীক্ষার সময়ে আবিষ্কার করা যেকোনো পলির অপসারিত করা যেতে পারে। এটি ক্যানসারের প্রতিরোধ করতে সাহায্য করতে পারে।
- পরীক্ষার সময়ে, আপনাকে আরও স্বচ্ছন্দ করতে অথবা আপনাকে ঘুম পাড়িয়ে দেওয়ার জন্য ওষুধ দেওয়া হবে।
- যদি আপনার পরীক্ষার ফলাফলগুলি স্বাভাবিক হয়, তাহলে প্রত্যেক 10 বছর অন্তর একটি কোলোনোস্কোপি করানো যেতে পারে। অন্যথায়, আপনার চিকিৎসক পরবর্তী পরীক্ষাটি কখন করতে হবে সেটি আপনাকে বলে দেবেন।

## ফ্লেক্সিবল সিগময়েডোস্কোপি (Flexible Sigmoidoscopy)

- একটি করা হয় একজন চিকিৎসকের অফিসে অথবা অন্যান্য চিকিৎসা স্থলে।
- চিকিৎসক মলদ্বার এবং অন্ত্রের নিম্নাংশে বৃদ্ধি (পলিপ) অথবা ক্যানসারের জন্য পরীক্ষা করেন।
- এই পরীক্ষাটি করা একটি FIT সহ প্রত্যেক পাঁচ বছরে অথবা প্রত্যেক 10 বছরে।

## আপনি কি জানতেন...

- কোলোরেকটাল ক্যানসার হল ক্যানসারজনিত মৃত্যুর #2 কারণ, তবে সেটি হতেই হবে এমন নয়।
- স্ক্রীনিং পরীক্ষাগুলি প্রাথমিক পর্যায়ে কোলোরেকটাল ক্যানসার আবিষ্কার করতে পারে যখন চিকিৎসা সর্বোৎকৃষ্ট ভাবে কাজ করে।
- পরীক্ষাগুলি বৃদ্ধি (পলিপগুলি) আবিষ্কার করতে পারে যাতে সেগুলি ক্যানসারে পরিণত হওয়ার আগেই অপসারিত করা যেতে পারে।
- কোলোরেকটাল ক্যানসার অথবা পলিপগুলির ক্ষেত্রে উপসর্গ নাও থাকতে পারে, বিশেষতঃ প্রাথমিক পর্যায়ে। আপনার পরীক্ষা করানোর আগে, উপসর্গগুলির জন্য অপেক্ষা করবেন না।

**আপনার স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারীর সঙ্গে কথা বলুন এবং নির্বাচন করুন কোনটি আপনার জন্য সঠিক।**